> मा (६; २-८। २ मा (६; ७०,०)। ० २ ता २१; २२। ♦ ड्रेक (६; २२। (६ यित्र (६; १, ৮।

তুমি দুদ ও অতি দুদ গুহণ করিতৈছ, ও দৌরাম্মা করিয়া প্রতিবাদির দুবা লইতেছ, এবং সর্বতোভাবে আমাকে ভুলিতেছ, ইহা প্রভু শরমেশ্বর কহেন। ১

পরে বিছ্লা বংশ পরমেশ্বরের দাক্ষাতে পাপ করিল; তাহারা অধিক পাপ করিল। আপন পূর্বপুরুষদের অপক্ষা তাঁহাকে কুন্ধ করিল। কারণ তাহারাও প্রত্যেক উক্ষপর্বতে ও প্রত্যেক হরিত বৃক্ষের তলে আপনাদের জন্যে উক্ষশ্বনি ও প্রত্যেক হইল, এবং পরমেশ্বর ইন্যায়েল্ বংশের দ্যুখহইতে যাহাদিগকে দূর করিয়াছিলেন, তাহাদের খ্ণার্হ ক্রিয়ানুসারে কর্ম করিল। ২

৩ গণকতা ভেল্কী ও ডাইন ভূতাদি।

আমার লোকের। আপনাদের কান্তময় প্রতিমার নিকটে পরামর্শ জিজানা করে, ও তাহাদের দণ্ডরপ দেবতা তাহাদিগকে উপদেশ দেয়; তাহারা বাঁভিচারের প্রভাবে ভান্ত হইয়া পারদারিক লোকদের নাায় আপনাদের ইশরহইতে ভুমণ করে। তাহারা পর্য্তশৃক্ষের উপরে বলিদান করে, এবং উপপর্য্তের উপরে উত্তম ছায়া প্রযুক্ত অলোন্ ও লিব্নী ও এলা বৃক্তের তলে ধূপ ছালায়; এই জনো তাহাদের কন্যাগণ বেশ্যাকর্ম করে, ও তাহাদের বধুগণ্ড ব্যভিচার করে। ৩

তাহারা আপিনাদের প্রভূপরমেশ্বরের তাবৎ আজ্ঞা লম্ব্রন করিল, ও আপিনাদের জন্যে ছাচে ঢালা দুই বৎস

১ यिहि २२; ১১, ১२। २। ५ दा ५८; २२-२९। ७ हा ८; ১२,১०

নির্মাণ করিল, এবং হৈতা বৃক্ষ স্থাপন করিল, ও আকাশের ক্যোতির্গণের পূজা ও বালের সেবা করিল। এবং
আপনাদের পুল্র কন্যাদিগকে অনিতে প্রবেশ করাইল,
এবং গণকতা ও মায়াবিতা করিল, এবং পরমেশরের
দাক্ষাতে পাপ করিতে ও তাঁহাকে কুদ্ধ করিতে আপনাদিগকে বিক্রয় করিল। ১

এবং প্রমেশ্বর যে মন্দিরের বিষয়ে কহিয়াছিলেন, আমি যিরশালমে আপন নাম স্থাপন্করিধ, মিনশি পর-মেশ্বরের মন্দিরে দেববেদি নির্মাণ করাইল। এবং পর-মেশ্বরের গৃহের দুই প্রান্ধণে দে আকাশের নক্ষত্রগর্ণের জন্যে বেদি নির্মাণ করাইল। এবং দে আপন পুত্রকে অগ্নিতে প্রশেশ করাইল, ও গণকতা ও মোহন করিল, এবং ভূতড়িয়ার ও গুণির কর্মা করিল; দে প্রমেশ্বরকে ক্রুদ্ধ করণার্থে তাঁহার সাক্ষাতে অনেক পাপ কর্মা করিল। ২

অন্যদেশীয়ের। যে বলিদান করে তাহা ঈশ্বরোদ্দেশে না করিয়া ভূতদের উদ্দেশে করে; অতএব ভূতদের সহিত তোমরা সহভাগী হও আমার এমন ইস্কা নয়। ৩

৪ বঞ্ অর্থাৎ নরবলি।

তোমার নিয়মের প্রতি দ্ফি রাথ; কেননা পৃথিবীর অন্ধকারময় স্থান উপদুবির বসতিতে পরিপূর্ণ্ হইতেছে। ৪ তুমি কি সেই রক্তময় নগরের বিচার কঁরিবা? তবে তা-

১। २, ता २१; ३७, २१। २। २ ता २२; ४-७। २। ३ क २,०; २०। ४ भी १४: १

হারই ক্রিয়া তাহাকে জ্ঞাত কর। তুমি বল, প্রভু পরমে-শ্বর এই কথা কহেন, হে নগরি; দণ্ডের সময় উপস্থিত করিবার জন্যে তেড়মার মধ্যে অনেক রক্তপাত হয়, ও তোমার লোকেরা আপনাদিগকে অন্তটি করিতে দেব-প্রতিমা নির্মাণ করে। ১

পরমেশ্বর কহেন, যিহ্দার সন্তানগণ আমার সাক্ষাতে পাপ করে, এবং আমার নামে বিখ্যাত মন্দিরকে অন্তচি করণার্থে তাছার মুখ্যে ঘৃণার্হ প্রতিমা রাখে; এবং তা-হাদের পুত্র কন্যাগণকে দগ্ধ করণরপ যে কর্ম করিতে আমি নিষেধ করিয়াছি, ও যাহা মনে গ্রাহ্য করিতে পারি না, তাহা করণার্থে তাহার। হিলোমের পুত্রের উপত্য-কান্থিত তোফতে উচ্চন্থান নির্মাণ করে। ২

উक विষয়क विरमय উদাহরণ।

মিনশি দাদশ বৎসর বয়সে রাজত্ব করিতে আরম্ভ করিয়া বিরশালমে পঞ্চান বৎসর রাজত্ব করিল। কিন্তু পরমেশ্বর ইসাুুুুুরুল্ বংশের সমুখহইতে যে অন্যদেশীয়-দিগকে দূর করিয়াছিলেন, তাহাদের ন্যায় সে পরমে-শ্বের সাক্ষাতে ঘ্ণাহ কর্ম করিয়া পাপ করিল।

তাহার পিতা হিন্ধিয় যে২ উচ্চন্থান তালিয়াছিল, দে তাহা পুনর্মার নির্মাণ করাইল, এবং বালের নিমিন্তে বেদি প্রস্তুত করাইল, ও চৈত্যকৃত্য স্থাপন করিল, এবং

১ যিছি ২২ ; ২-৪। ২ যির ৭ ; ৩°, ৩১।

আকাশীয় তাবৎ নক্ষডের ভজনা ও দেবা করিল। পরমেশ্বর যে মন্দিরের বিষয়ে কহিয়াছিলেন, আমার নাম
যিরশালমে নিতা থাকিবে, পরমেশরের দেই মন্দিরে
দেববেদি নির্মাণ করাইল। এবং পরমেশরের গৃহের
দূই প্রাঙ্গণে দে আকাশের নক্ষত্রগণের জনের বেদি নির্মাণ
করাইল। এবং দে আপন বালকগণকে হিয়োমের উপত্যকাতে অগ্রিতে প্রবেশ করাইল, ও গণকতা ও মোহন
করিল, এবং মায়াবার ও ভূতির্যার ও প্রণির কর্ম করিল;
দে পরমেশ্বরকে কুদ্ধ করণার্থে তাঁহার দাক্ষাতে অনেক
পাপকর্মা করিল। ১

মিনশি পরমেশ্বরের দাক্ষাতে পাপ করিয়া ঘিছ্দা বংশকেও পাপেতে পুরুত্তি'দিল, এবং তাহার দেই পাপ তিন্ন দে অনেক নির্দোধের রক্তপাত করিয়া যিরুশা-লম্কে এক দীমাবধি অন্য দীমা পর্যান্ত রক্তেতে পরিপূর্ণ করিল। ২

অপর আপনায় অসহা যুদ্ধ হইতেছে, ইহা দেখিরা মোরাবের রাজা ইদোমের রাজার নিকটে ভেদ করিয়া যাইবার জনো সাত শত অন্ত্রধারিকে আপনার সঙ্গে লইল; কিন্তু তাহারা পারিল না। পরে তাহার রাজপদে অভিষেচনীয় আপন জ্যেষ্ঠ পুত্রকে লইয়া ভিত্তির উপরে হোম করিল, তাহাতে ইসাুরেলের বিরুক্তে অভিশয় ক্রোধ উৎপন্ন হইল; পরে তাহারা তাহার নিকটহইতে যাত্রা করিয়া আপন দেশে ফিরিয়া গোল। ১

· তথাপি প্রত্যেক জান্ডীয় গোকেরা আপন ২ দেবন**ণ**

[।] २ वर २०; ४:७। २।२ इत २२; २५। २।२ इत २; २५,२१।

নির্মাণ করিল, এবং শোমিরোণীরেরা যে ২ উচ্চস্থানে
মন্দির করিয়াছিল দেই ২ স্থানে, এবং আপন ২ নিবাদনগরে প্রত্যেক জাতিরা আপন ২ দেবগণকে স্থাপন করিল।
দেই রূপে বাবিলের লোকেরা সুক্রোৎ-বিনোৎকে নির্মাণ
করিল, ও ক্থায় লোকেরা নের্গল্কে, ও হ্মাতের লোকেরা অশীমাকে নির্মাণ করিল। এবং অক্রীয়েরা নিতদ্ ও তর্ত্ককে নির্মাণ করিল। ও বিকর্বীয়েরা সিকর্বায়মের দেবতার অর্থাৎ অদুম্মেলকের ও অন্মেলকের উদেশে আপন বালকগণকে দগ্ধ করিল। ১

>८ व्यथ्गात्र।

পৌত্তলিকদের প্রতি ঈশবের মহা কোপ।

হে আকাশ কর্ণ দেও, আমি কহি; ও হে পৃথিবী, আমার মুথের কথা তন। ২

যাহার। অধর্ম কর্মদারা সত্য ধর্ম রৌধ করে তাহাদের তাবৎ অসৎকর্মের ও অধর্মের বিরুদ্ধে স্বর্গহইতে ঈখরের কোপ প্রকাশিত হইতেছে। কারণ ঈখর বিষয়ক যে ২ জাতবা, তাহা ঈখর আপনি তাহাদের প্রতি প্রকাশ করাতে তাহাদের অনোচর হুয় না। ফলতঃ তাহার অনন্ত শক্তিতে ঈখরত্ব প্রভৃতি অদ্শ্য হইলেও তাহার কর্মদারা স্ফিকালাবধি জ্ঞাপিত হওয়াতে সুন্দররপে জানা যাই-তেছে; অতএব তাহাদের উত্তর দিবার পথ নাই। ৩

ইহার 'নিমিত্তে 'আমি' তোমাকে কি প্রকারে ক্ষমা

[।] १ देवा ३१; २३; ७०, ७३। २ वि ७२;३। ७ दिवा ३; ३४.२०।

করিব? তোমার সন্তানগণ আমাকে ত্যাগ করে, ও যাহার।
ইশ্বর নয়, তাহাদের নাম লইয়া শপথ করে; আমি
তাহাদিগকে শপথ করাইলেও তাহারা ব্যভিচার করে
ও বেশ্যার বাদীতে গিয়া একত হয়। তাহারা কামাতুর
অখের সদৃশ অদ্বির হইয়া প্রত্যেক জনঃআপন প্রতিবাদিনী দ্রীর প্রতি হেয়া করে পরমেশ্বর কহেন, এই
সকলের নিমিত্তে আমি কি তাহাদিগকে দণ্ড দিব না ও
এমত লোকদিগকে কি প্রতিক্ষণ দিব না ১১ •

প্রতিকল দেঁওরা আমার কর্ম; যে সময়ে তাহাদের পা পিচ্চলিবে, সেই সময়ে তাহাদের দণ্ড হইবে; তাহাদেও ক্লেশের দিবস নিকটবর্ত্তী, ও তাহাদের প্রতি নিরূপিত দুর্গতি শীলু আসিবে। ২ "

ব্যভিচারী, কি লম্লুট, কি দেবপুজকদের মধ্যে গণিত লোভী, ইহারা খুীফের অর্থাৎ ঈশ্বরের রাজ্যে কোন অধি-কার পাইবে না। কিন্তু যাহারা ভারু ও অবিশ্বাদী ও ঘৃণ্য কর্মকারী ও নরইত্যাকারী ও বেশ্যাগামী ও মায়ারী ও দেবপুজক, তাহারা এবং তাবৎ মিধ্যাবাদী অগ্নি ও গন্ধ-কের প্রক্লিত হুদে অধিকার পাইবে; এই দিতীয় মৃত্যু। ৩

কিন্ত যিশরণৰ ছাইপুট ভুলু হইয়া পদাঘাত করিল এবং তাহারা ছাইপুট ও তৃপ্ত হইয়া আপন সৃষ্টিকর্ত্তা ইশরকে ত্যাগ করিল ও আপন ত্রাণের পর্বতকে লঘু জ্ঞান করিল, ও তাহারা অন্য দেবগণের পূজা করিয়া ভাঁচাকে কুদ্ধ করিল ও ঘৃণার্হ কর্মাকরিয়া তাঁহার ক্রোধ

> विद ६; १। २ कि ०२; ०६। ७ देक ६; ६।

জনাইল। এব॰ তাহারা ঈশবের উদ্দেশে বলিদান করিয়া পুর্বেষে দেবগণকে জানিত না, অর্থাৎ তোমাদের পূর্ব্বপু কুষেরা যাহাদিগকে ভয় করে নাই, এমত আধুনিকও নিক-টবর্ত্তি স্থানহইতে উপস্থিত দেবগণের উদ্দেশে হোম করিল। এবং তাহারী আপন জন্মদায়ি পর্বতকে মানিল না, ও আপন সৃষ্টিকারি ঈশ্বরকে বিষ্মৃত হইল। এমত দেথিয়া পর-মেশ্বর আপন পুত্র ও কন্যাদের প্রতি অসম্ভট হইয়া ঘৃণা করিয়া কহিলেন, আমি তাহাদের হইতে আপন মৃথ আ-চ্ছাদিত করিব; ভাহাতে তাহাদের শেষ 🗣 ঘটিবে, তাহা আমি দেথিব; কেননা তাহারা সবংশে বিপথগামী, ও সকুলে বিশ্বাসহীন। তাহারা অনীশ্বরদারা আমার ক্রোধ জন্মায়, ও আপন্থ বিগুহদার আমাকে কোপান্বিত করে; এব॰ আমিও অগণ্য লোকের দ্বারা তাহাদিগকে উত্তাপযুক্ত করিব, ও বাতুল জাতিমারা তাহাদিগকে ক্রোধান্থিত করিব। আমার ক্রোধরণ অগ্নি প্রছলিত হইলে অধঃস্থ নরক পর্যান্ত দক্ষ করিবে, এবং পৃথিবী ও তন্মধাঁস্থ উৎপন্ন বস্তু নইট করিবে, ও পর্বতের মূল প্রছলিত করিবে। আমি তাহা-দের অমঙ্গল বৃদ্ধি করিব,, ও তাহাদের প্রতি আমার বাণ দকল জ্ঞাগ করিব। এবং তাহারা দুর্ভিক্ষে ক্ষীণ হইবে, अवं° प्रशामातीरा ও कहिन म॰ शास्त्ररा विनक्क शहरत, अ আমি তাহাদের পুতি জন্তদের দম্ভ ও ধলিগ দর্পের বিষ প্রেরণ করিব। এব॰ বাহিরে থড়্গ ও অন্তরে ভয়মার। তাহাদের যুবা ও কুমারা ও দুগ্ধপোষ্য ও উক্লকেশ বৃদ্ধ विनक्षे इइता।

⁵ वि ७२; ३६ २६।

इंशत विटमय उमाइत्।।

১ স্বর্ণ বৎসের উপাথ্যান।

অনন্তর পর্বেওছইতে নামিতে মূলার বিলিম্ব দেখিয়া লোকেরা হারোণের নিকটে একত্র ছইয়া তাহাকে কহিল, উঠ, আমাদের অগুলর ছইয়া যাইতে আমাদের নিমিত্তে দেবতা নির্মাণ কর, কেননা মিলর্দেশহইঠে আমাদিগকে বাহির করিয়া আনিল যে মূলা, তাহার কি দশা ঘটিল, তাহা আমরা জানি না।

তথন পরমেশ্বর মূলাকে কহিলেন, তুমি নামিয়া যাও, কেননা তুমি মিলর্হইতে যে লোকদিগকে বাহির করিয়া আনিলা তাহারা ভুক্ট হইয়াছে। এবং আমি তাহাদিগকে যে পথের বিষয়ে আজ্ঞা দিলাম, তাহাহইতে তাহার। শীলু বুহির্ভূত হইল, কলতঃ তাহারা আপনাদের নিমিন্তে এক ছাঁচে ঢালা বাছুর নির্মাণ করিয়া তাহার পুজা করিল, এবং তাহার কাছে বলিদান করিয়া কহিল, হে ইলুায়েল্ বংশ, যে দেবতা মিলর্দেশহইতে তোমাকে বাহির করিয়া আনিল, লে এই। অপর পরমেশ্বর মূলাকে আরো কহি-লেন, আমি এই লোকদিগকে দেখিলাম; দেখ, ইহারা অতিশয় অবাধ্য। অতথব তুমি ক্ষান্ত হও, আমি তাহাদের প্রতিকূলে ক্রোধ্ব প্রজ্ঞানত করিব।

ভথন মূসা সাক্ষ্যরপ দুই প্রস্তর হত্তে লইয়া ফিরিয়া প্রভহ্ইতে নামিল; ঐ প্রস্তরের এ পৃষ্ঠে ও পৃষ্ঠে দুই পৃষ্ঠেই লিখিত ছিল। ঐ প্রস্তুর ইশ্বরের নির্মাত এবৎ তাহাতে থোদিত লিখনও ইশ্বরের লিখন। পরে লোকেরা উল্চৈঃম্বর করিলে যিহোশ্য তাহাদের কলরব তানিয়া
মূলাকে কহিল, শিবিরেতে যুদ্ধের শব্দ হইতেছে। তাহাতে
দে কহিল, ইবা জয়ধ্বনির শব্দ নয়, এবৎ পরাজয়ধ্বনির
শব্দ নয়, কিন্তু আমি গানের শব্দ তানিতেছি।

পরে দে শিবিরের নিকটবর্জী হইলে ঐ বাছুর এবং লোকদের নৃভা দেখিল; তাহাতে মূলা কোধে প্রজ্ঞলিত হইয়া আপন হস্তহতৈ দেই দুই প্রস্তৃত্তি দিয়া পর্কতের তলে তাহা ভাঙ্কিল। এবং তাহাদের নির্মিত বাছুরু লইয়া অগ্রিতে দগ্ধ করিল, এবং তাহা দূলিরপ পিষিয়া জলে ছড়াইয়া ইসাুুুুরেল্ বংশকে পান করাইল।

পরে মূসা হারোণ্কে কহিল, এই লোকেরা তোমার প্রতি কি করিল? তুমি ইহাদিগকে কেন এত পাপ করা-ইলা? তাহাতে হারোণ্ কহিল, হে প্রভো, ক্রোষ প্রজ্বলিত করিও না; এই লোকেরা দুইতাতে আসক্ত, তাহা আ-পনি জ্ঞাত আছেন। ইহারা আমাকে কহিল, আমাদের অগুসর হইতে আমাদের নিমিত্তে দেবতা নির্মাণ কর কেননা মিসর্দেশহইতে আমাদিগকে বাহির করিয়া আ-নিল, যে মূসা তাঁহার কি দশা ঘাটল, তাহা আমরা জানি না। তথন আমি কহিলাম, তোমাদের যে স্থল থাকে তাহা থুলিয়া দেও; তাহাতে তাহারা আমাকে ভাহা দিল; আমি ভাহা লইয়া অথিতে নিক্ষেপ করিলে ভাহা-হইতে এই বৎস নির্গতে হইলা।

পরে মুসা লোকদের নথতা দেখিল, কেননা হীরোণ

তাহাদের অপমানের জন্যে তাহাদের শতুদের মধ্যে তাহাদিগকে নথ করিয়াছিল। তথান মূলা শিবিরের ছারে দাঁড়াইয়া কহিল, পরমেশ্বরের পক্ষে কে? দে আমার নিকটে আইসুক; তাহাতে লেবির সন্তানগণ তাহার নিকটে একত্র হইল। পরে দে তাহাদিগকে কহিল, ইসুা-রেলের প্রভু পরমেশ্বর এই কথা কহেন, তোমরা প্রত্যেক জন আপন্য উক্তে ঋড়গ বাঁধিয়া শিবিরের মধ্য দিয়া এক দার অব্ধি অন্য দার পর্যান্ত গ্রুড়ায়াত কর, ও প্রতি জন আপন্য ভুলতা ও মিত্র ও প্রতিবাদিকে বধ কর। তাহাতে লেবির সন্তানেরা মূলার বাক্যানুলারে তর্মপ করিলে দেই দিনে লোকদের মধ্যে নূলাধিক তিন সহসুলোক মারা পড়িল। ১

২ অহসিয় ও রাজার উপাথ্যান।

এবং অহসিয় শোমিরোণ্ছিত আপন গৃহের উপরিষ্
কুচরীর বাতায়ন দিয়া পতিত হইয়া পীড়িত হইল; তাহাতে দে আপন দূতগণকে এই কথা কহিল, তোমরা
যাইয়া আমি এই পীড়াহইতে মুক্ত হইব কি না?
ইহা ইক্রোণের বাল্-সিবৃব দেবতাকে জিজ্ঞানা কর।
কিন্তু পরমেশরের দৃত তিশ্বীয় এলিয়কে কহিল, তুমি
উটিয়া শোমিরোণের রাজার দূতগণের সহিত সক্ষাৎ করিতে যাইয়া তাহাদিগকে এই কথা কহ, ইন্যুরেল দেশে
কি ঈশ্বর নাই? এই জন্যে তোমরা ইক্রোণের দেবতা
বাল্সিবৃবের কাছে জিজ্ঞানা করিতে যাইতেছ? পর-

⁾ या ०२ ; ५ अ**व**९ १-५० अव९ ५६ ; २८ ।

মেশ্বর এই কথা কছেন, তুমি যে শিয়াগত হইয়াছ, তাহা-হইতে উচিতে পারিবা না, অবশ্য°মরিবা; তাহাতে এলিয় প্রস্থান করিল।

পরে দূতগণ ফিরিয়া রাজার নিকটে আইলে দে জিজ্ঞাদা করিল, তোমরা কেন ফিরিয়া আইলা? তাহারা উত্তর করিল, এক জন আদিয়া আমাদের দহিত দাক্ষাৎ করিয়া কহিল, যে রাজা তোমাদিগকে জিজ্ঞাদা করিতে লোক পাঠ।ইতেছে তাহাকে কহ, পরমেশ্বর কহিতেছেন তুমি যে শয্যাগত হইয়াছ, তাহাহইতে উঠিতে পারিবা না, অবশ্য মরিবা।

পরে দে এলিয় প্রমুখাৎ পরমেশ্বরের বাক্যানুদা-রে মরিল। ১

৩ হেরোদ রাজার উপাথ্যান।

অপর দোর ও সাদোন দেশীয় লোকদের প্রতি হেরোদ রাজা অতি কুদ্ধ হইয়াছিল, কিন্তু তাহারা একপরামর্শে তাহার নিকটে উপস্থিত হইরা ব্লাফী নামক তাহার বস্ত্রগৃহাধ্যক্ষকে সহায় করিয়া হেরোদের সহিত সন্ধি প্রার্থনা করিল, কেননা রাজার দেশঘারা তাহাদের দেশের ভরণ পোষণ হইত। অভএব এক নিরূপিত দি-বদে হেরোদ রাজবন্ত্র পরিধান পুর্বাক দিংহাদনে বিদিয়া তাহাদের প্রতি কথা প্রস্তাব করিল; তাহাতে লোকেরা উচ্চৈঃশ্বরে উত্তর করিল, এ মানুষের রব নহে, দেবতার রব। কিন্তু হেরোদ ঈশ্বরের সন্মান করিল না, এই জনো

১। २ द्वा **১**; २-७ आद९ >९।

পরমেশ্বের দৃত হঠাওঁ তাহাকে প্রহার করিল, ভাহাতে দে কটিদারা ক্ষয়প্রাপ্ত ছইয়া প্রাণত্যাগ করিল। ১

৪ প্রতিমা পূজার নিমিন্তে এক মহাজাতির ঈশ্বর কর্তৃক পরিতাক্ত হওন।

পরে অশ্রের রাজা তাবৎ দেশ হস্ত্যতে করিল, ও শোমিরোণে যাইয়া তিন বৎসর পর্যান্ত তাহা রোধ করিয়া থাকিল। পরে হোশেয়ের অধিকারের নবম বৎ-দরে অশূরের রাজা শোমিরোণ্ হস্তগত করিয়া ইদ্যুতয়ল্ লোকদিগকে অশূর্ দেশে লইয়া গেল, এবং হলহে ও शासन् (मणीय शास्त्र नमीजीरत ও मामीयरम् नगरत তাহাদিগকে ছাপন করিল। কেননা ইদায়েল্ বংশকে মিসরু দেশহইতে অর্থাৎ মিসরের ফিকৌণ্রাজের হয়-হইতে আনিয়াছিলেন যে তাহাদের প্রভুপরমেশ্বর, তা-হার বিরুদ্ধে তাহারা পাপ করিল ও অন্য দেবগণকে ভয় করিল। এব॰ পরমেশ্বর ইন্যায়েল্ ব॰ শের সম্থ-হইতে যে অন্যদেশীয়দিগকে দূর করিয়াছিলেন, তাহাদের এবং ইস্যায়েলের রাজগণের নির্ণীত বিধির অনুসারে চলিল। य कर्च कर्डवा नय, हेमुारय़ल् व॰ न जाभन প্রভূ পরমেশ্বরের বিরুদ্ধে তাহাই গুপ্তরূপে করিল, এবং রক্ষাগৃহ অবধি প্রাচীর বেটিত নগর পর্যান্ত আপনাদের সকল নগরে আপনাদের জম্যে উচ্চস্থান নির্মাণ করিল

^{· &}gt; 🗯 ३२; २°,२०।

এবং প্রত্যেক উচ্চ পর্বতের উপরে ও প্রত্যেক নবীন বৃক্ষের নীচে প্রতিমা ও চৈত্য বৃক্ষ স্থাপন করিল। এবং পরমেশ্বর তাহাদের সম্থহইতে যে অন্যদেশীয়দিগকে দূর कतिशाष्ट्रिलन, তাহাদের न्यांश आश्रनात्नत नकल डेक-স্থানে ধূপ স্থালাইল, এব পরমেশ্বকে কুদ্ধ করিতে পাপ করিল। এব । পরমেশ্বর যে বিষয়ে কছিয়াছিলেন, এমত কর্ম করিও না, তাহাই অর্থাৎ দেবগণের দেবা করিল। তথাপি তোমরা আপনাদের পাপপথহইতে কির, এবং আমি ভোমাদের পিতৃলোকদিগকে যে সমস্ত ব্যবস্থা দিয়াছি, ও আমার ভবিষ্যম্বকু দানদের হস্তদার্গ তোমাদের নিকটে পাচাইয়াছি, তদনুদারে আমার আজা ও বিধি পালন কর, এ কথা কহিয়া পরমেশ্বর দকল ভবিসাদকা ও দর্শকদের দারা ইনুায়েলের ও যিহ্দার বিৰুদ্ধে দাক্ষ্য দিলেন। কিন্তু তাহার। তাহা শুনিতে দম্মত না হইয়া তাহাদের প্রভু পরমেশ্বেরেতে অপ্রতায়কারি তাহারা তাঁহার বিধি, এব তাহাদের পিতৃলোকদের প্রতি স্থাপিত তাঁহার নিয়ম, এব তাহাদের প্রতি দত্ত তাঁহার দাক্ষ্য অবজ্ঞা করিয়া অদার প্রতিমার অনুগামী रुटेल; এव॰ পরমেশ্বর যে চতুর্দির্গন্ত অন্যদেশীরদের অনুযায়ি কর্মা করিতে নিষেধ করিয়াছিলেন, তাহারা হত-বুদ্ধি হইয়া তাহাদেরই অনুগামী হইল। তাহারা আপ-নাদের প্রভূ পরমেশ্বরের তাবৎ আজ্ঞা লম্ব্ন করিল, ও আপনাদের জন্যে ছাঁচে ঢালা দুই বৎদ নির্মাণ করিল, এবং চৈতা বৃক্ষ স্থাপন করিল, ও আকাশের জ্যোতির্গ- ণের পূজা ও বালের দেবা করিল। এবং আপনাদের পুল কন্যাদিনকে অধিতে প্রবেশ করাইল, এবং গণকতা ও মায়াবিতা করিল, এবং পরমেশ্বরের সাক্ষাতে পাপ করিতে ও তাঁহাকে কুদ্ধ করিতে আপনাদিনকে বিক্রয় করিল। এই জন্যে পরমেশ্বর ইসুায়েল্ বংশের প্রতি বড় কুদ্ধ হইলেন ও তাহাদিনকে আপন সাক্ষাংহইতে দূর করিলেন; কেবল যিহুদার বংশ ব্যতিরেকে আর কেহ অবশিষ্ট থাকিল না। ১

: ६ व्यशाय ।

সত্য পরমেশ্বর পরায়ণ লোকেরা কদাচ প্রতিমাপূজা করিবে না।

হে পরমেশ্বর, তুমি আমার প্রভু, ভোমা বিনা আমার কিছু মঙ্গল নাই এ কথা আমি তোমাকে কহিয়াছি। যাহারা অনোর পূজাতে দত্তর হয়, তাহাদের দুঃথের বৃদ্ধি হইবে; তাহাদের থপরের রক্ত আমি উৎদর্গ করিব না, এবং আপন ওঠাধরে তাহাদের নামও লইব না। ২

পরমেশ্বরের পুতিকূলে আজ্ঞা লম্ব্রন করিয়া পরমেশ্বরের পশ্চাদ্গমনহইতে অদ্য পরাবৃত্ত হই, এমন না হউক। ৩

যেহেতুক সভ্যতার সপক্ষ হইয়া আমরা কর্ম করিতে পারি, কিন্তু সভ্যতা বিরুদ্ধ কোন কর্মই করিতে পারিনা। ৪

১। ्र রা ১৭; ১৫-২°। २ शो ১৬, २,৪। ৩ যি २२; २৯। ৪।२ क ১৩; ৮।

ভাহাতে যাকৃব্ আপন পরিজনদিগকে ও দঙ্গি লোকদিগকে কহিল, তোমাদের কাছে যে দকল দেবপ্রতিমা
আছে, তোমরা তাহা দূর করিয়া অন্য বন্ধ্র পরিধান করিয়া
তাজ হও। এবং আইস, আমরা উচিয়া বৈখেলে নাই;
এবং যে ইশ্বর আমার দুঃখাসময়ে প্রার্থনা তানিয়া আমার
গমন পথে সহায় হইয়াছেন, তাহার উদ্দেশে সেই স্থানে
এক যজ্ঞবেদি নির্মাণ করি। তাহাতে তাহারা আপনাদের
নিকটন্থিত দেব প্রতিমা ও কর্ণকুগুল সকল লইয়া যাকৃব্কে
দিলে সৈ ঐতসকল লইয়া শিথিম্ দেশস্থিত অলোন বৃক্ষের
তলে পুতিরা রাথিয়া তথাহইতে যাতা করিল। ১

১ প্রতিমাপূজার বিরুদ্ধে ইন্যায়েলদিগের প্রতি য়িহোশ্য়ের উপদেশ।

যদ্যপি পরমেশ্বরের দেবা করা ভোমাদের মন্দ বোধ হয়, তবে কাছার, অর্থাৎ নদীর ওপারন্থিত ভোমাদের পূর্বপুরুষদের দেবিত দেবগণের, কিছা ভোমাদের নিবান-দেশার ইমোরীরদের দেবগণের, কাছার দেবা করিবা, তা-ছাকে মনোনীত কর; কিন্তু আমি ও আমার পরিজন আ-মরা সকলে পরমেশ্বরের দেবা করিব। তাছাতে লোকে-রা উন্তর করিল, আমরা যে অন্য দেবগণের সেবার জন্যে পর্মেশ্বরকে ত্যাগ করি, এমত না হউক। কেননা যে পর-মেশ্বর আমাদির্গকে ও আমাদের পিতৃলোকদিনকে মিলর-রূপ স্থাসভাগারহইতে আনিলেন, ও আমাদের দৃষ্টিগোচরে মহাচিছ প্রকাশ করিলেন, এবং আমাদের গন্তব্য সমন্ত

> 3.1 00; 2-81

পথে ও যে২ লোকদের মধ্য দিয়া গেলাম, ভাছাদের মধ্যে আমাদিগকে রক্ষা করিলেন, তিনি আমাদের প্রভূ পর-মেখর। পরমেখর সমন্ত লোকদিগকে অর্থাৎ দেশনিবাসি ইমোরীয়দিগকে আমাদের সম্থহইতে দূর করিলেন, অত-এব আমরাও পরমেখরের দেবা করিব, তিনিই আমাদের প্রভু। তাহাতে যিহোশ্য লোকদিগকে কহিল, বুকি ভো-মরা পরমেশ্বরের দেবা করিত্বে পারিবা না, কেননা তিনি ধর্মস্বরূপ ঈশ্বর ও পাপে ক্রোধকারি ঈশ্বর ; তিনি ভোমা-দের আজ্ঞালधুন ও পাপ ক্ষমা করিবেন না। তোমরা যদি পরমেশ্বরকে ত্যাগ করিয়া অন্য দেবগণের দেবা কর, তবে তিনি ফিরিয়া ভোমাদিগকে ক্লেশ দিবেন, ও प्रक्रम कतिरम शत रामामिशरक म् रात कतिरवन। शत লোকেরা যিহোশূয়কে কহিল, না, আমরা পরমেশ্বরের দেব। করিব। যিহোপূয় লোকদিগকে কহিল, ভোমরা পরমেশ্বরের দেবা করণার্থে তাঁহাকেই মনোনীত করিয়াছ, এ বিষয়ে তোমরা আপনাদের প্রতিকূলে আপনারা দাক্রী হইলা; ভাহাতে ভাহারা কহিল, হাঁ, আমরা দাক্ষী হই-লাম। পরে দে কহিল, তোমরা এখন আপনাদের মধ্য-দ্বিত দেবসণকে দূর করে, ও ইদ্যান্মেলের প্রভূ পরমেখরের উদ্দেশে আপনাদের মন পুরুত কর। পরে লোকের। যিছোপূরকে কহিল, আমরা আপনাদের প্রভু পরমেশ্বরের দেবা করিব, ও ছাঁছার কথা মানিব। তাছাতে ফিছোশূর সেই দিবলে লোকদের সহিত নিরম স্থির করিয়া শিথিমে ভাহাদের জন্যে ব্যবস্থা ও বিধি স্থাপন করিল। ১

३ वि २८; ३६-२६।

২ পৌল ও বর্গকা নামক থাইের দুই শিষ্যের পূজা গ্রহণ করিতে অস্মকার করণ।

তাহাতে উভয় চরণে চলৎশক্তিরহিত জন্মাবধি ঋগ্ধ কথনো গমল করে নাই, এমন যে এক মনুষ্য লুক্তা নগরে ছিল, সে বসিয়া পৌলের কথা তনিতেছিল। ইতিমুধ্যে পৌল তাহার পুতি দৃষ্টিপাত করিয়া তাহার সুস্ক্ হওনের বিশ্বাস বুঝিয়া উচ্চৈঃমুর্ত্রৈ কহিল, চরণে ভর করিয়া দোজা হইরা দাঁড়াও; তাহাতে সে লম্ফ দিয়া গতায়াত করিতে লাগিল। তথন লোকেরা পৌলের দেই কার্য্য দেথিয়া লুকায়নীয় ভাষাতে উচ্চৈঃম্বরে এই কথা কহিতে লাগিল, দেবতারা মনুষ্যরূপ ধারণ করিয়া আমাদের নিকটে নামিয়া আইলেন। এব॰ তাহারা বর্ণকাকে দূপি-তর করিয়া বলিন, এবং পৌল প্রধান বক্তা, এই প্রযুক্ত তাহাকে মর্করির বলিল। পরে ঐ নগরের সমুধে স্থাপিত যুপিতর বিগুহের যাজ্ বলদ ও পুঁলোর মালা নগর-ছারের নিকটে আনিয়া লোকদের সহিত তাহাদিগের উদ্দেশে উৎসর্গ করিয়া দিতে উদাত হইল। কিন্তু বর্ণফা ও পৌল প্রেরিত ইহার দংবাদ পাইয়া, আপনাদের বস্তু ছিঁড়িয়া লোকদের মধ্যে বেগ্নেতে প্রবেশ করিয়া উল্লেখনে कहिएक मानिन, (इ মহাশয়েরা, এমন कर्मा (कन कत? আমরাও তোলাদের মৃত সুধদৃঃথ ভোগী মনুষ্য; আর তোমহা এই সকল রুখা কল্পনা ত্যাগ করিয়া, যিনি আকাশ ও পৃথিবা ও সমূদু ও তর্যাত্ত্ব দকলেরই দৃষ্টিকর্তা, দেই অমর ঈশবের প্রতি যেন ফিরু, এই জন্যে আমরা তোমা-

দের নিকটে সুসমাচার প্রচার করিতেছি। তিনি পূর্মকালে তাবদেশীয় লোকদিগকে আপন ২ পর্যে চলিতে দিলেও তাহাদের হিতৈষী হইয়া আকাশহইতে জল বর্ষণদারা নানা পুকার শন্যোৎপত্তি করণ পূর্মক ভক্ষোতে ও আনবন্দতে তোমাদেরও অন্তঃকরণ ভৃপ্ত করিয়া দে সকল বস্তুকে আপনার সাক্ষিয়রপ রাখিলেন। কিন্তু এতজ্ঞপ কথা কহিলেও তাহাদের উদ্দেশে বলিদান করণহইতে লোকসমূহকে প্রায় ক্ষান্ত করিতে পারিল না। ১

াম কর, তবে ভালই;
৩ প্রতিমাপুত্রা অস্থাকার করণ প্র ও পুত্রলিত অমিকুণ্ডে
নিক্ষিপ্ত তিন জন ধার্মিক্ত্রইতে তোমাদিগকে
আক্ষ্য উপাধ্যান্যছে? তথন শুকুত্

রাজা নিব্ধদ্নিৎসর্ ষ্টি হস্ত করে করিল, হে নিব্ধদ্স্থান্য প্রতিমা নির্মাণ করিয়া বাবি রিবার প্রয়োজন নাই।
প্রান্তরে স্থাপন করিল। পরে রাজ্য দেবা করিলেই ইশ্বর
পিত প্রতিমার প্রাণপ্রতিষ্ঠা করিতে ভগকে উদ্ধার করিতে
গণ ও শাসনকর্তৃগণ ও অধিপতিগণ ব হস্তহইতেও উদ্ধার
কোষাধ্যক্ষণণ ও ব্যবস্থাপকগণ ও , তথালি, হে রাজন,
শাধিপতিদিগকে সংগ্রহ করিতে শরিব না ও তোমার
অপর রাজা নিব্ধদ্নিৎসরের স্থাপিত প্রতিমাত।
প্রতিষ্ঠা করিতে অধ্যক্ষণণ ও শাসনকর্তৃগণ ও অধিপতিগণ
ও মহাবিচারকর্তৃগণ ও কোষাধ্যক্ষণণ ও ব্যবস্থাপকগণ ও
বিচারকর্তৃগণ ও প্রেদেশাধিপতিগণ একত্র হইল। পরে

E.

তাহার। নিৰ্থদ্নিৎসরের স্থাপিত প্রতিমার সাক্ষাতে দাঁডাইলে এক ঘোষক উচ্চঃম্বরে কহিল, হে লোকেরা,
হে নানাস্থতিবা ও নানাভাষাবাদিরা, তোমাদের প্রতি এই
তাক্তা স্ইতিক্তা বিশালময়ে ভোমরা শৃঙ্গ ও বংশী ও
বালাক ক্রিটিও ন্যুল ও ত্যুর ইত্যাদি নানা প্রকার যন্তের
বালা প্রন্ ভ্রুলালে নির্থদ্নিৎসর্ রাজের স্থাপিত
ম্যানার প্রভিন্নে সাক্ষাতে তোমরা উবুড় হইরা প্রণাম
ক্রিয়া। যে কেন্ড্রুড় স্ইয়া প্রণাম না করিবে, দে তদ্প্রে

রীণা ও ভেরা ও মৃদঙ্গ প্রভৃতি নানা তৎকালে দকল লোক ও নানাজা-গোনিরা উবুড় হইয়া নিব্থদ্নিৎসর্ প্রতিমাকে প্রণাম করিল।

ীয় লোক নিকটে আদিয়া যিহুদীকহিল। তাহারা রাজা নিবৃথদ্নিৎকহিল, হে রাজন, চিরজীবী হুউন।
জন শৃঙ্ক ও বংশী ও বীণা ব ভারী
ত নানা প্রকার যন্তের বাদ্য , নে
তিমাকে প্রণাম করিবে; কিন্তু যে জন

্ ক্রিন্টি আজা করিয়াছ। কিন্তু হে রাজন, বাহিল্ প্রদেশের কর্তৃত্বপদে তোমার নিযুক্ত শদুক্ ও মৈশক্ত ভারেষ্টিলো নামে কতক যিহুদী লোক তোমাকে না ফ্রানিফ্র্ডিয়ামার কেবলণের দেবা করে না, ও তুমি যে ষ্ঠমির্ট্ডিয়া স্থাপিত করিয়াছ, তাহারও পূলা করে না

ইহা শ্রনিয়া নিবূথদ্নিৎসর্ কুদ্ধ ও রাগাপন হইয়া ममुक् ও रेममक् ও অবেদ্বিগোকে আसिত আদেশ করিল; তাহাতে তাহারা রাজার নিকটে আমীত হইলে নিবূথ-দ্নিৎসর্ তাহাদিগকে এই কথা কহিল, হে শদুক্ ও মৈ-শক্ ও অবেদ্নিগো,তোমরা আমার দেবগণের দেবা করি-বা না, এবং আমি যে স্বর্ণময় প্রতিমা স্থাপন করিয়াছি, তা-হারও পূজা করিবানা, এই কি তোমাদের অভিপ্রায়? কিন্ত এথনো যদি ভোমরা প্রস্তুত হইয়া শৃঙ্গ ও বংশী ও বীণা ও ভেরী ও মৃদঙ্গ ও তয়ুর প্রভৃতির বাদ্য খনিলে আমার নিমিত স্বৰ্ণপ্ৰতিমাকে উবুড় হইয়া প্ৰণ কিন্তু যদি পুণাম না কর, তবে তদ্ধ নিক্লিপ্ত হইবা; ভাহাতে আমার হঠ উন্ধার করিবে, এমন কোন্ দেবতা জ মৈশক্ ও অবেদ্নিগো রাজাকে উ নিৎসর, এ বিষয়ে আমাদের উত্তর ক. যদি াহা হয়, তবে আমরা যাঁহার পূজা ৷ অগ্নিকুগুহুইতে আমাদি এবং হে রাজন, তোমা: করিবেন। আর যদ্যপি না করেন আমরা তোমার দেবগণের দেবা ২.

স্থাপিত স্থাপুতিমাকে পূজা করিব না, ইছা জ্ঞাত হ ...
তথন নিব্থদ্নিৎসর্ ক্রোধেতে পরিপূর্ণ হইরা শদুক
ও মৈশক্ ও অবেদ্নিগোর পুতিক্লে বিকটাকার মুথ
করিয়া দাধারণ মত অপেকা সভ গুণ পুত্রলিত অ্থিকুও
পুস্তুত করিতে আক্রা দিল। এবং শদুক্কে ও মৈ ক্কে

ও অবেদ্নিগোকে বন্ধন করিয়া পুজ্লিত অধিকুণ্ডে নিক্ষেপ করিতে দৈনোর মধ্যে বলবান বারদিগকে আজা
করিল। অতএব এই পুরুষেরা পরিধেয় ও উত্তরীয় ও
উফাষ্ ও অন্য বন্ধে বন্ধান্থিত হইয়া পুজ্লিত অধিকুণ্ডে
নিক্ষিপ্ত হইল। কিন্তু রাজার আজা অতিদৃঢ় ও অধিকুণ্ড
অতি উত্তপ্ত হওন পুযুক্ত, যে লোকেরা শদুক্কে ও মৈশক্কে ও অবেদ্নিগোকে অধিকুণ্ডে নিক্ষেপ করিল, তাহারাই অধিশিথাতে হত হইল। এই রপে শদুক্ ও মৈশক্
ও অবেদ্নিগো, এই তিন জন বন্ধ হইয়া পুজ্লিত অধিকুণ্ডের মধ্যে নিক্ষিপ্ত হইল। ১

৪ ঈশ্বর কর্তৃক অগ্নিহইতে তাহাদের উদ্ধার।

পরে রাজা নিবৃথদ্নিৎসর্ চমৎকৃত হইরা স্বরায় উচিয়া মন্ত্রিদিগকে কছিল, আমরা কি তিন জনকে বন্ধ করিয়া অমিকুও ফেলি নাই? তাহারা, কহিল, হাঁ মহা-রাজ। তথন রাজা কছিল, তবে চারি জনকে কেন^{্থ}া-তেছি? ইহারা মুক্ত হইয়া অথির মধ্যে গমনাগ^{াই} করি-তেছে; তাহাদের কাহারো কোন ক্ষতি হয় নাই; বিশে-যত ইশ্বরের পুত্রের নাায় চতুর্থ, জনের মৃত্তি হইয়াছে।

তথন রাজা নিবৃথদ্নিৎসর্ ঐ প্রছলিত অগ্নিকুণ্ডের দারের নিকটে আদিয়া হে সর্ফোপরিস্থ ঈশ্বরের সেবক, হে শদুক, ও মৈশক্ ও অবেদ্নিগো তোমরা বাহির হইয়া আইস; ইহা বলিয়া আহ্বান করিল। তাহাতে শদুক্ ও মৈশক্ ও অবেদ্নিগো অগ্নিহইতে নির্গত হইলে অধ্য-

⁾ मा ७, ३·२७।

ক্ষণণ ও অধিপতিগণ ও শাসনকর্তৃগণ ও রাজকর্তৃগণ একতা হইয়া তাহাদের এই তিন জনকে অবলোকন করিলে তা-হাদের শরীরে অগ্রির কোন চিহ্ন নাই, এবং তাহাদের মস্তুকের এক কেশও দগ্ধ হয় নাই, ও বস্তুও বিকৃত হয় নাই, এবং তাহাদের গাত্রে অগ্রির গন্ধও নাই ইহা দেখিল।

পরে নির্থদ্নিৎসর্ এই কথা কহিল, শদুক্ ও মৈশক্
ও অবেদ্নিগোর ইশর ধনা; তিনি আপন দৃত প্রেরণ
করিয়া যে দাদেরা তাঁহাকে বিশ্বাস করিয়া রাজবাক্য
অন্যথা করিল, এবং যেন আপন ইশর ব্যতিরেকে অন্য
কোন দেবগণের সেবা ও পূজা না করে, এই নিমিত্তে
আপন শরীর দিল, তাহাদিগকে উদ্ধার করিলেন। আর
ভিন্নজাতি কি ভিন্নভাষাবাদী যে কোন লোক শদুক্ ও
মৈশক্ ও অবেদ্নিগোর ইশরের প্রতিকূলে কোন ভারির
কথা কহিবে, তাহারা এও বিএও হইবে, ও তাহাদের ঘর
বাটী সারের দিবি করা যাইবে, এই নিয়ম আমি ছির
করিতেছি; কেননা এ প্রকার উদার করিতে কোন দেবতার
সাধ্য নাই। তথান রাজা বাবিল্ প্রদেশে শদুক ও মৈশক্
ভবেদ্নিগোর পদবৃদ্ধি করিয়াদিল। ১

३७ व्यक्षाय ।

পৃথিবীহইতে প্রতিমা পূজার মূলোৎপাটন হইবে, ইহা ঈশ্বরকর্তৃক নিরূপিত।

তুমি পরমেশবের ভয়ানকত্ত্ততৈ ও তাঁহার মহি-মার তেজহইতে পর্বতে পুবেশ করিয়া ধূলাতে লুক্তায়িত হও। মানুষের গব্বিত দৃষ্টি থব্ব হইবে, ও নশ্বর মনুষ্যের গর্ব থব্ব হইবে, এবং দেই দিনৈ কেবল পরমেশ্বর উন্নত হইবেন। কেননা দৈন্যাধ্যক্ষ পরমেশ্বরের দিন মহৎ ও উচ্চ বস্তুর বিপরীত ও পুত্যেক উন্নত বস্তুর বিপরীতে উপস্থিত হইবৈ; তাহাতে দে বস্তুনত হইবে?

তাহাতে মনুষ্যের উন্নতি নত হইবে, ও নশ্বর মনুষ্যের গর্ম থর্ম হইবে; দেই দিনে কেবল পর্মেশ্বর উন্নত হইবে। ব্যান পর্মেশ্বর শক্কাদারা পৃথিবীকে আঘাত করিতে উটিবেন, তথান লোকেরা পর্মেশ্বরের ভ্যানকত্বহইতে ও তাঁহার মহিমার তেজহইতে পর্য্যেত্বর গুহাতে ও ভূমির গর্ত্তে পর্যেশ্বর আঘাত করিছে দিকে প্রেশ করিবে। এবং যথান পর্মেশ্বর শক্কাদারা পৃথিবীকে আঘাত করিতে উটিবেন, তথান মনুষ্যাণ পূজার্থে স্থান করিবে। এবং যথান পর্মেশ্বর শক্কাদারা পৃথিবীকে আঘাত করিতে উটিবেন, তথান মনুষ্যাণ পূজার্থে স্থাতিকার কাছে নিক্ষেপ করিয়া প্রমেশ্বরের ভ্যানকত্বহুইতে ও তাঁহার মহিমার তেজহুইতে পর্যুবের গুয়ানকত্বহুইতে ও তাঁহার মহিমার তেজহুইতে পর্যুবের গুয়ান ধারণ করে যে মনুষ্য, তাহাতে বিশ্বাদ করিও না, কেননা দে কাহার মধ্যে গণ্য হুইতে পারে ? ১

দৈন্যাধ্যক্ষ প্রমেশ্বর কহেন, দেই দিনে আমি দেশ-হৃইতে দেবগণের নাম লুপ্ত করিব, তাহারা আর ম্বরণে আদিবে না; এবং আমি মিখ্যা ভবিষয়ভূচাণকে ও অপ-বিত্র আত্মাকে দেশহইতে দুর করিব। ২

পৃথিবীর প্রান্তভাগ পর্যান্ত লোকেরা পরমেশ্বরকে মরণ

> धिन २; >०->२ अव९ >१-२२। २ निश् >७; २।

করিয়া তাঁহার প্রতি ফিরিবে, ও অন্যান্য দেশীয় তাবৎ জাতিরা তাঁহার সাক্ষাতে ভজনা করিবে। যেহেতুক রাজ্য পরমেশ্বরের আছে, ও তিনি দেশীয়দের মধ্যে কর্তৃত্ব করেন। ১

এবং দূর্ব্যের উদয়াচল অবধি অস্তাচল পর্যান্ত অন্য-দেশীয়দের মধ্যে আমার নাম গৌরবান্থিত হইবে, ও প্রত্যেক স্থানে আমার নামের উদ্দেশে ধূপ ও পরিত্র নৈবেদ্য উৎদৃষ্ট হইবে; দৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কছেন, অন্যদেশীয়দের মধ্যে আমার নাম গৌরবান্থিত হইবে। ২.

শেসকালে এইরূপ ঘটনা হইবে; পরমেশ্রের গৃহের পর্ম্বত পর্মাতগণের শিখরের উপরে স্থাপিত হইবে ও উপপর্মতহইতেও উচ্চাকৃত হইবে; তাহাতে তাবৎদেশীয় লোক স্মোতের ন্যায় তাহার প্রতি ধাবমান হইবে। এব॰ ষাইতে ২ অনেক ২ জাতি কহিবে, 'আইস, আমরা পর-মেশ্বরের পর্বতে, অর্থাৎ যাক্বের ঈশ্বরের মন্দিরে গমন করি: তিনি আমাদিগকে আপন পথের বিষয়ে শিক্ষা দিবেন তাহাতে আমরা ভাঁহার মার্গে গমন করিব;' কেননা সিয়োন্হইতে শাস্ত্র ও যিরুশালম্হইতে পরমেখ-রের বাকা নির্গত হইবে। এব॰ তিনি অন্যদেশীয়দের বিচার করিবেন, এবৎ অনেক ২ লোককে অনুযোগ করি-বেন, তাহাতে তাহারা আপন্থ এড্গ ভাঙ্গিয়া লাঙ্গলের काल निर्माण कतिरव, ७ वर्गा जिल्ला कास्ता गर्रिव, এব॰ এক দেশীয় লোক অন্য দেশীয়দের বিপরীতে থড়্গ চালন করিবে না, তাহারা আর যুদ্ধ শিথিবে না। ৩

ऽ शी १२; २४,२४। २ मल ३; ३३। ० शिण २; २.४।

১१ व्यथाय।

প্রতিমাদি পরিত্যাগ করিয়া সত্য পরমেশ্ব-রের দেবা করিতে পৌত্তলিকদের প্রতি উপদেশ।

তথন তাহার। জিজ্ঞাদিল, ঈশরের অভিমত কর্ম করি-তে আমাদের কি করা কর্ত্তব্য: তাহাতে যীপ্ত উত্তর করিলেন, ঈশর যাহাকে প্রেরণ করিয়াছেন, তাঁহাতে বিশ্বাস করা, এই ঈশ্বের অভিমত কর্ম। ১

প্রভূপরমেশ্বর এই কথা কহেন, তোমরা মন ফিরাও, ও আপনাদের দেবগণহউতে ফির ও আপনাদের তাবৎ ঘূণার্হ কর্মাইউতে বিমুথ হও। ২

আর দেই পূর্মকালীয় অজ্ঞানতার প্রতি ঈশ্বর দৃষ্টি না করিয়া এখন সর্ম্মত সকলকে মনঃপরিবর্ত্তন করিতে আ-জ্ঞা দিতেছেন; যেহেতুক আপন নিযোজিত এক পুরুষ-দারা যে দিনে তিনি নাায়েতে পৃথিবীস্থ তাবৎ লোকের বিচার করিবেন এমন এক দিন নিরপণ করিয়াছেন, আর তাহাকে কবরহইতে উত্থিত করাতে তদ্বিয়ে সকলের নিকটে পুমাণ দিয়াছেন। ৩

হে পৃথিবার অন্ত স্থিত লোক সকল, আমার প্রতি দৃষ্টি ক্রিয়া পরিত্রাণ পাও, কেননা আমিই ঈশ্বর, আমা ব্যতিরেকে আর কেহ নাই। আমি আপন নাম লইয়া শপথ ক্রি, এবং আমার মুখহইতে সত্য অমোঘ বাক্য নির্গত হয়; আমার কাছে প্রত্যেক জন হাঁটু পাতিবে, ও

১ যো ৬; ২৮,১৯। ২ বিভি ১৪; ৬। ৩ প্রে ১৭; ৩০,৩১।

জিহ্বাদারা শপথ করিয়া এই কথা কহিবে, কেবল পর-মেশ্বরেতে আমার ধর্ম ও শক্তি আছে; এবং যাহারা তাহার প্রতি বিরক্ত হইয়াছিল, তাহারা আদিয়া লক্তিত হইবে। কিন্তু ইদ্যায়েলের তাবৎ বংশ প্রমেশ্বরের দারা পুণ্যবান গণিত হইবে, ও তাঁহার গুণের প্রশংসা করিবে। ১

এখন তোমরা পরমেশ্বরকে ভয় কর, এবং সরল অন্তঃ-করণে ও সভ্যভাতে তাঁহার সেবা কর, এবং তোমাদের পূর্ব্বপুরুষেরা মহানদার ওপারে ও মিসরে যে দেবগণের সেবা করিল, ভাহাদিগকে দূর করিয়া পরমেশ্বরের সেবা কর। ২

তথন তোমাদের উপরে নির্মাল জল ছিটাইয়া দিব,
তাহাতে তোমরা নির্মাল হইবা; আমি তোমাদের তাবৎ
মল ও প্রতিমাহইতে তোমাদিনকে পরিষ্কৃত করিব। এবং
তোমাদিনকে এক নূতন অন্তঃকরণ দিব, ও তোমাদের
অন্তরে এক নূতন আত্মা স্থাপন করিব,ও তোমাদের
মাণ্লের মধ্যহইতে পুদ্রময় অন্তঃকরণ লইয়া মাণ্লময়
অন্তঃকরণ দিব। ও তোমাদের অন্তরে আপন আ্মাকে
হাপন করিব ও তোমাদিনকে আপন ব্যবস্থাপথে চালাইব; তোমরা আমার আজ্ঞা মানিয়া তাহা পালন
করিবা। ৩

অদিতীয় দত্য ঈশ্বর যে তুমি, আর তোমার প্রেরিত যান্ত শুষ্টি এই উভয়ের পরিচয় পাইলে অনন্ত পরমায়ু হয়। ৪

১ ফিশ ৪৫; ২১-২৫। ২ সি ২৪; ১৪। **এ**শ্বছি ৩৬; ২৫-২৭। ৪ যো ১৭; ।

ভুমি ঈশ্বরের দহিত পরিচিত হইরা শান্ত হও, তাহাতে তোমার মঙ্গল হইবে। ১

পরমেশ্বর দ্য়াময় ও অনুগুাহক এবং ক্রোধেতে ধীর ও অনুগুহেতে মহান্। তিনি নিরন্তর ক্রোধ করেন না ও সর্ব্রদা অনুযোগ করেন না। তিনি আমাদের অপরাধানু-সারে প্রতিফল ও পাপানুসারে দণ্ড করেন না। ২

যে সময়ে পরমেশ্বরকে পাওয়া যাইতে পারে, এমন
সময়ে তাঁহার অন্থেষণ কর; ও তিনি নিকটে থাকিতে
তাঁহার কাছে প্রার্থনা কর। পাপি লোক আপন আচরণ
ও অধার্মিক লোক আপন মনের সংকল্প ত্যাগ করিয়া
পরমেশরের প্রতি ফিরুক, তাহাতে তিনি তাহার প্রতি
দয়া করিবেন; আমাদের ঈশ্বরের প্রতি ফিরুক, কেননা
তিনি অতিশয় ক্ষমাবান। পরমেশ্বর কহেন, আমার মনের
সংকল্প তোমাদের সংকল্পের তুলা নয়, এবং তোমাদের
পথও আমার পথের মত নয়। পৃথিবীহইতে আকাশমগুল যেমন উচ্চ, তোমাদের পথহইতে আমার পথ
তদ্ধপ উচ্চ, এবং তোমাদের মনের সক্ষল্পহইতে আমার
সক্ষল্প তদ্ধপ (উন্নত) হয়। ৩

১৮ অধায়।

মনুৰ দের অদি হীয় ত্রাণকর্তা যে যীশু খুীষ্ট তাঁহারই কথা।

দেশ, এক রাজা ধর্মেতে রাজত্ব করিবেন, ও অধ্যক্ষণ। ন্যায়েতে শাসন কুরিবে। যেমন কড়েতে আচ্ছাদন ও

[ं] ১ সূব ২২ ; ২১ ৷ ২ গী ১**০৩ ; ৮-১• ৷ ৫ যিশ ৫৫ ; ৬-৯** ৷

কড় ব্ষিতে আশ্রর ও র'ব্ধ স্থানে জলদ্যোত ও মরীচিক। ভূমিতে মহাপর্কতের ছায়া, ঐ পুষষ তদ্ধপ হইবেন। ১

আমার ধৃত ও মনোনীত ও মনস্ত্রফিজনক দেবককে দেখ, আমি তাঁহার উপরে আপন আত্মাকে স্থায়া করিব, ভাহাতে তিনি অন্যদেশীয়দের নিকটে রাজ্যনীতি প্রচলিত করিবেন। ২

কেননা আমাদের নিমিত্তে এক বালক জন্মিবে, ও আমাদিগকে এক পুত্র দত্ত হইবে, ও তাঁহার ক্ষপ্তের উপরে
তাবৎ কর্তৃত্বভার সমর্পিত হইবে; ও তাঁহার নাম আশুর্মা ও মন্ত্রা ও বলবান্ ইশ্বর ও অনন্তকালীয় পিতা ও
শান্তিরপ রাজা হইবে এবং তাঁহার কর্তৃত্ব ও মঙ্গলবৃদ্ধির
শোষ হইবে না, এবং তিনি দায়ুদের সিংহাসনের ও রাজ্যের কর্ত্রা হইরা বিচারেতে ও ন্যারেতে তাহা এখন ও
সন্দাকাল নিরপণ ও স্থাপন করিবেন; এবং সৈন্যাধ্যক্ষ
প্রমেশ্বরের উদ্যোগেতে এই সকল সিদ্ধ হইবে। ৩

অনন্তর যে ২ মেষপালক ঐ প্রদেশের প্রান্তরে থাকিয়া রাত্রিযোগে আপন ২ পাল রক্ষার্থ প্রহরিকর্ম করিতে-ছিল, তাহাদের নিকটে পরমেশ্বরের এক দৃত আসিয়া উপস্থিত হইল, এব° চতুক্সার্শ্বে পরমেশ্বরের তেজঃ প্রকা-শিত হইল, তাহাতে তাহারা অতি শক্কাকুল হইলে সে দৃত কহিল, ভয় করিও না, কারণ দেখ, যাহাতে তাবৎ লোকের আনন্দ হইবে, এমন সুসমাচার আমি তোমাদি-গকে জানাইতেছি; ফলতঃ অদ্য দায়ুদের নগরে তোমা-দের নিমিত্তে ত্রাণকর্ত্র। অর্থাৎ অভিষক্ত প্রভু জনিলেন। ৪

३ शम ०२; ३,२।२ शिम ८२; ३। ७ शिम ৯; ७,९। ३ लू२; ४०३°।

আর যাহাদের মধ্যে আমি প্রধান এমত পাপি লো-কদের পরিত্রাণের জন্যে গ্রীষ্ট যান্ত জগতে অবতীর্ণ হই-লেন, এ কথা বিশ্বসনীয় ও সকলের গ্রহণীয়। ১

অদিতীয় এক ঈশ্বর আছেন, এবং তাঁহার ও মনুষ্য-দের মধ্যে অদিতীয় এক মধ্যস্ত যে পুরুষ খ্রীষ্ট যীষ্ট তিনি সকলের মৃক্তির মূল্যার্থে আপনার প্রাণ দিলেন। ২

ইশ্বর জগতের প্রতি এমন প্রেম করিলেন, যে আপ-নার অদিতীয় •পুত্রকে প্রদান করিলেন; তাহাতে যে কেহ তাঁহাতে বিশ্বাদ করিবে, দে বিনষ্ট না হইয়া অনন্ত প্রমায়ঃ পাইবে। ৩

তিনি আমাদের আজ্ঞাল্য্নের নিমিত্তে ক্তবিশিষ্ট ও আমাদের অধর্মের নিমিতে চূর্ণ হইলেন, এবং আমাদের মঙ্গলজনক শাস্তি তাঁহার উপরে বর্ত্তিল, এবং তাঁহার ক্ষতদারা আমাদের স্বাস্থ্য হয়। আমরা দকলে মেবগণের নাার ভুমণকারী, ও প্রত্যেক জন স্বপথগামী হইলে পরমেশ্বর আমাদের দকলের এই অধর্মের কল তাঁহার উপরে বর্ত্তাইলেন। এবং আদার করা গেলে তিনি তাহা দিলেন। ৪ তন্তিন্ন আর কাহারোহইতে পরিতান হইতে পারে না; যাহা্দারা তান পাওয়া যায়, ভুমণ্ডলম্থ লোকদের মধ্যে এমন আর কোন নামই প্রচারেত হয় নাই। ৫ অতএব হে ভুাত্গান, এই ব্যক্তিদারা পাপমোচন হয়, ইহা তোমাদের প্রতি প্রচারিত আছে। কলতঃ মুনার ব্যবস্থাতে তোমরা যেই দোবহইতে মুক্ত

১। ১ ডি ১; ১৫। ২। ১ ডি ২; ৫.৬। ৩ যো ৩; ১৬। ৪ **বিশ** ৫৩; ৫,৬। ৫ প্রে৪; ১২ন

হইতে পার না, দে দকল দোষহইতে এই ব্যক্তিতে প্রত্যেক বিশ্বাদকারী মুক্ত হইতে পারে, এই কথা তোমরা জ্ঞাত হও। ১ আর যে কেহ তাঁহাতে বিশ্বাদ করে, দে দণ্ডের পাত্র হয় না; কিন্তু যে কেহ বিশ্বাদ না করে, দে এখনি দণ্ডের পাত্র হয়, যেহেতুক দে ইশ্বরের অদিতীয় পুল্রের নামে প্রত্যয় করে না। ২

হে পরিশান্ত ও ভারাক্রান্ত লোক দকল, তোমরা আ-মার নিকটে আইদ, আমি তোমাদিগকে বিশ্রাম দিব। আমি ক্লান্তশাল ও নমুমনা এই হেতুক আমার যোঁয়ালি আপনাদের উপরে ধরিয়া লও, এবং আমার স্থানে শি-ক্লা কর; তাহাতে তোমরা আপন ২ মনেতে বিশ্রাম পাইবা। ৩

ইশবের যে পরিত্রাণজনক অনুগুহ সর্অ (প্রকার)
মনুষ্যদের নিকটে প্রকাশিত হইয়াছে, তাহাদারা আমরা
যেন অধর্ম ও সাংসারিক অভিলাষ ত্যাগ করণ পূর্মক
এই বর্জমান সংসারে সতর্ক ও ন্যায়বান্ ও ইশ্বরসেবক
হইয়া কাল যাপন করি, এবং আনন্দপ্রাপ্তির প্রত্যাশাতে
আপনাদের মহান্ ইশ্বর ত্রাণকর্জা যান্ত থাক্তির তেজঃপ্রকাশ হওনের অপেক্ষাত্তে থাকি, এমন শিক্ষা পাইতেছি।
কারণ তিনি আমাদিগকে সমুদ্য পাপহইতে মুক্ত করিতে
এবং সংক্রিয়াতে উদ্যোগি আপনার কোন বিশেষ লোকদিগকে পবিত্র করিতে আমাদের জন্যে আপন প্রাণ
দিলেন। ৪

১ (४ ১०; २৮, १৯। २ (सा २; ১৮। २ म ১১; २৮,२৯। ४ छोड ॰ २: ১১-১৪।

তোমরা উর্দ্ধ আকাশমগুলকৈ দেখ, ও নীচন্থ পৃথি-বীর প্রতি দৃষ্টি কর, ঐ আকাশ পূমের ন্যায় অন্তর্হিত হইবে, ও পৃথিবী বন্ধের ন্যায় জীর্ণ হইবে, ও তন্ধিবাদি-গণ এই প্রকারে বিনষ্ট হইবে; কিন্তু আমার পরিত্রাণ নিত্যম্থায়ী ইইবে, ও আমার ধর্ম লোপ পাইবে না। ১ অতএব সভয় হইয়া পরমেশ্বরের সেবা কর, সক্ষ্ম হইয়া আনন্দিত হও। তিনি যেন কুন্ধ না হন ও ক্ষণমাত্রে তাঁহার কোধানল প্রজ্ঞলিত হইলে ভোমরা যেন পথে বিনষ্ট না হও, তন্ধিমিত্তে পুদ্রকে চ্ম্বন কর; যে সকল লোক তাঁ-হাতে আশ্রয় লয় তাহারাই ধন্য। ২

১৯ অধ্যায়।

পরমেশ্বরের রাজত্ব সর্বত্র প্রকাশ করিতে উপদেশ।

পরমেশ্বরের উদ্দেশে নৃতন গীত গান কর; হে পৃথিবীস্থ লোক দকল, পরমেশ্বরের উদ্দেশে গান কর। পরমেশ্বরের উদ্দেশে গান কর ও তাঁহার নামের ধন্যবাদ
কর ও তাঁহার কৃত পরিত্রাণ দিনে ২ প্রকাশ কর। এবং
অন্য দেশীয়দের মধ্যে তাঁহার গৌরবের ও তাবং লোকের নিকটে তাঁহার আশ্চর্যা ক্রিয়ার বর্ণনা কর। পরমেশ্বর মহান্ ও অতি প্রশংসনীয় ও তাবদ্দেবতা অপেক্রা ভয়ার্হ। অন্যদেশীয়দের দেবতা দকল নগণ্যের মধ্যে
কিন্তু পর্মেশ্বর আকাশের দৃষ্টিকর্জা এবং প্রশংসা ও

১ যিশ ৫১; ৬। ২ গী ২; ১১,১২।

সমাদর তাঁহার অগুবন্তী, ও আঁহার ধর্মধামে শক্তি ও শৌন্দর্য্য থাকে। হে মনুষ্য সন্তানবর্গ তোমরা পরমেশ্বরের প্রশংসা কর। ও প্রমেশ্বরের মহিমা ও প্রাক্তমের প্র-শংসা কর। এবং ঈশ্বরের নামের মহিমার প্রশংসা কর ও নৈবেদ্য সঙ্গে লইয়া তাঁহার মন্দিরে গমন কর'। হে পৃথি-বীস্থ লোক দকল, পবিত্র আদরেতে প্রমেশ্বরকে পুণাম কর. ও তাঁহার সাক্ষাতে ভীত হও। এব॰ প্রমেশ্বর রাজত্ব করেন, এ কথা দেশীয়দিগকে ফল : 'তিনি এমন রূপে জগতের স্থিতি করেন, যে সে কদাচ বিচলিত হইবে না: তিনি যথার্থরূপে লোকদের বিচার করেন। অতএব স্বায়ি লোকেরা আনন্দ করুক, ও পৃথিবীম্থ লোকেরা উল্লাসিত হউক : এবং সমৃদু ও তন্মধাস্থ সকল গৰ্জন করুক। এবং ক্ষেত্র ও ক্ষেত্রম্ব সকল আহলাদিত হউক. ও বনস্থ বৃক্ষণ। পরমেশ্বরের দাক্ষাতে উচ্চপ্রনি করুক। তিনি আসিতেছেন, ও পৃথিবীর বিচার করিতে আসি-তেছেন ; তিনি ধর্মে জগতের ও সত্যতাতে আপন লো-करमत विठात कतिरवन।

সমাপ্ত।

२ भी ५७ : २ २० ।